দৈনিক বাংলা

তারিখ ... 01 AUG 1985 ...
পৃষ্ঠা... ... ...1... কলাম 6 ... ...



# প্রাথমিক শিক্ষকদের কল্যাণ ট্রাস্ট

(স্টাফ রিপোর্টার)

দেশের প্রাইমারী স্কুল শিক্ষকদের কল্যাণের উদ্দেশ্যে সরকার একটি ট্রাস্ট গঠন করেছেন। এই ব্যাপারে গত ৪ঠা জুন একটি অধ্যাদেশ জারি করা হয়েছে।

সাধারণভাবে এই ট্রাস্ট শিক্ষক এবং তাঁদের উপর নির্ভরশীল পোষ্যদের কল্যাণে কাজ করবে। শিক্ষক, তাদের সন্তান-সন্ততি ও পোষ্যদের চিকিৎসার জন্যে আর্থিক সাহায্য দান, পড়াশুনার জন্যে মঞ্জুরী, স্কলারশীপ বা স্টাইপেন্ডদান এবং বিভিন্ন কল্যাণমূলক কাজে এই ট্রাস্টের ফান্ড থেকে অর্থ ব্যয় করা হবে। উল্লেখ্য, দেশে বর্তমানে এক লাখ ৬০ হাজার প্রাথমিক শিক্ষক রয়েছেন।

প্রাইমারী শিক্ষা পরিদফতরের মহাপরিচালক এই ট্রাস্টের চেয়ার

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## কল্যাণ ট্রাস্ট

( ১ম পৃঃ পর )

ম্যান হিসেবে কাজ করবেন। এ ছাড়াও শিক্ষা পরিদফতর, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক শিক্ষা পরিদফতর, কারিগরি শিক্ষা পরিদফতরসহ সংশ্লিষ্ট দফতর ও বিভাগ থেকে দশ জন এই ট্রাস্টি বোর্ডে সদস্য হিসেবে থাকবেন। বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির মনোনীত দশজন সদস্যও এই ট্রাস্টে ট্রাস্টী হিসেবে অন্তর্ভুক্ত হবেন।

সরকার এই কল্যাণ ট্রাস্টের তহবিলে এককালীন ২০ লাখ টাকা অর্থ প্রদান করবেন। ট্রাস্টের বাকী তহবিল সংগ্রহ করা হবে বিভিন্ন সূত্র থেকে দান অনুদান এবং বিভিন্ন খাতে এই অর্থ বিনিয়োগের মাধ্যমে। এছাড়া প্রত্যেক শিক্ষককে চাকরিতে নিয়োগ হওয়ার ছয় মাসের মধ্যে ২০ টাকা এককালীন চাঁদা এবং বার্ষিক [illegible] টাকা চাঁদা ট্রাস্টের তহবিলে প্রদান করতে হবে।

জানা গেছে, সরকার শীগগীরই এই ট্রাস্টের চেয়ারম্যান ও ট্রাস্টীদের নাম ঘোষণা করবেন এবং ট্রাস্ট আনুষ্ঠানিকভাবে কাজ শুরু করবে।